

স্মারক নং-৩৪.০১.১৯০০.০০০.০৩৮.০০৬.২০২১-২৮-৫২)

" ভর্তি বিজ্ঞপ্তি "


কুমিল্লা জেলার ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান সৃষ্ণের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা জেলা কার্যালয়ের আওতাধীন নিম্নলিখিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী বেকার যুবক ও যুবনারীদের নিকট থেকে নিম্নে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বিজ্ঞপ্তিঃ <https://dyd.nise.gov.bd/courses> এ লিঙ্কে গিয়ে ভর্তির জন্য রেজিস্ট্রেশন করতে হবে।

প্রশিক্ষণ কোর্সে ভর্তি সংক্রান্ত তথ্যঃ

নং	কোর্সের নাম	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	কোর্সের মেয়াদ	দরখাস্ত জমার শেষ তারিখ	সাক্ষাৎকার গ্রহণের তারিখ	ভর্তির তারিখ	প্রশিক্ষণ শুরুর তারিখ	কোর্স ফি	ছবিগঠন
০১	মতন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন	এইচ.এস.সি/সমমান	০৬ মাস	২৬/০৬/২০২৫	২৯/০৬/২০২৫	৩০/০৬/২০২৫ হতে ০১/০৭/২০২৫ পর্যন্ত	০১/০৭/২০২৫	৫০০/-	০১৯১৩-১১১০১০
০২	কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন	এইচ.এস.সি/সমমান	০৬ মাস	২৬/০৬/২০২৫	২৯/০৬/২০২৫		০১/০৭/২০২৫	১০০০/-	০১৭৩২-৩৩৩৩৩৩
০৩	ইলেকট্রনিক্স	৮ম শ্রেণি	০৬ মাস	২৬/০৬/২০২৫	২৯/০৬/২০২৫		০১/০৭/২০২৫	৩০০/-	০১৭১২-১৭৩০৩৪
০৪	রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং	৮ম শ্রেণি	০৬ মাস	২৬/০৬/২০২৫	২৯/০৬/২০২৫		০১/০৭/২০২৫	৩০০/-	০১৭৪২-১৩৩৪৩৪
০৫	শোশাক তৈরি	৮ম শ্রেণি	০৩ মাস	২৬/০৬/২০২৫	২৯/০৬/২০২৫		০১/০৭/২০২৫	৫০/-	০১৭১১-২২৩২০৬ ০১৯১৩-৪৩৩৪৩৪

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী :

- ০১। www.dyd.gov.bd ওয়েব সাইট থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোডপূর্বক উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা বরাবর (ক) নাম (বাংলা ও ইংরেজী) (খ) পিতার/স্বামীর নাম (গ) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) জন্ম তারিখ উল্লেখপূর্বক ভর্তির আবেদনপত্র দাখিল করতে হবে।
- ০২। আবেদন ফর্মের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র (খ) জাতীয় পরিচয়পত্র (NID) বা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্রের ছায়ালিপি (গ) সনদ তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি এবং স্ট্যাম্প সাইজের ০২ কপি ছবিসহ নির্ধারিত তারিখের মধ্যে 'সহস্রে পূরণকৃত আবেদন জমা দিতে হবে।
- ০৩। প্রার্থীর বয়স ১৮ থেকে ৩৫ বছর এবং বেকার যুবক ও যুব মহিলা হতে হবে।
- ০৪। দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধী, অসিষ্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত যুবদের কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।
- ০৫। ছকে উল্লেখিত ০১ থেকে ০৪ নং ক্রমিকের প্রার্থীকে সাক্ষাৎকার প্রদানের জন্য উল্লেখিত তারিখ সকাল ১০.০০ টায় নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়, যুব ভবন, যুব উন্নয়ন অধিদপ্তর, কৃষ্ণনগর, দুর্গাপুর, আলেক্সারচর বিশ্বরোড কুমিল্লায় এবং ০৫ নং ক্রমিকের প্রার্থীকে উল্লেখিত তারিখ সকাল ১০.০০ টায় শোশাক তৈরী প্রশিক্ষণকেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, উত্তর ঠাকুরপাড়া (মাজারের পূর্ব দিকে), রামমালা রোড, কুমিল্লায় নিজ খরচে হাজির হতে হবে।
- ০৬। যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুব মহিলা প্রার্থীদেরকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- ০৭। প্রার্থীকে অবশ্যই বেকার হতে হবে। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৮। নির্বাচিত প্রার্থীদের নিয়মিত ক্লাসে উপস্থিত থাকতে হবে। একাধারে তিন দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ক্লাসে অনুপস্থিত থাকলে ভর্তি বাতিল করা হবে।
- ০৯। ভর্তির সময় নির্বাচিত প্রার্থীগণকে (নিজের) সার্বক্ষণিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook ID, Whatsapp no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।
- ১০। উল্লেখ্য যে, কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন কোর্সে ব্যতীত সকল কোর্সের প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক প্রতি কর্ম দিবসে উপস্থিতির ভিত্তিতে যাতায়াত ভাতা (কোর্স শেষে) প্রাপ্য হবেন। বাজেট প্রাপ্তি সাপেক্ষে "কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন" কোর্সে যাতায়াত ভাতা প্রদান করা হবে।
- ১১। কোর্সসমূহ সম্পূর্ণ অনাবাসিক, আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ১২। দাখিলকৃত সকল সনদের মূলকপি সাক্ষাৎকারের সময় প্রদর্শন করতে হবে।



০৬/০৬/২০২৫

(মোঃ সামসুজ্জামান)
উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা।
০২৩৩৪৪৪৮০৭২
ddcomilla@dyd.gov.bd
তারিখঃ ০৩/০৬/২০২৫খ্রিঃ

স্মারক নং-৩৪.০১.১৯০০.০০০.৫২.৩৪৯.১১-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ০২। পুলিশ সুপার, কুমিল্লা।
- ০৩। সিনিয়র তথ্য অফিসার, কুমিল্লা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল), কুমিল্লা।
- ০৬। নোটিশ বোর্ডঃ জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস/জনশক্তি ও কর্মসংস্থান অফিস/সমাজসেবা অধিদপ্তর/ মহিলা বিষয়ক অধিদপ্তর/ সমবায় অধিদপ্তর, কুমিল্লা/আঞ্চলিক পাসপোর্ট অফিস, কুমিল্লা/টিটিসি, কোটবাড়ী, কুমিল্লা।
- ০৭। অফিস কপি।


০৬/০৬/২০২৫
(মোঃ নজরুল ইসলাম সরকার)
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা।